



পত্র

রবীন্দ্রনাথ ঠাকুর

[Zoom In](#) | [Zoom Out](#) | [Close](#) | [Print](#) | [Home](#)

রবীন্দ্রনাথ ঠাকুরের পত্র

শরৎ ঋতুটা যেন অতি ধীরে ধীরে ছোঁয়, অল্প একটুখানি শিশির লাগা ঠাণ্ডা দিয়ে।

আকাশে ফিকে পালা বাত্পের উপর সূর্যাস্তনানা রঙের কারচুপি করে---

সুরাস্তনাদের জন্যে সূক্ষ্ম ঢাকাই মলমলের রঙীন ওড়না তৈরি হচ্ছে। রোদুরে আঁধার

রঙ লেগেছে, চার দিকে গাছপালা ঘন সবুজ। বেলা এগারোটা পেরিয়ে গেল, বর্ষার

আপিস থেকে ছুটি পাওয়া মেঘগুলো কালো চাপকান খুলে ফেলে শাদা চাদর উড়িয়ে

কুঁড়েমি করচে। একটা অত্যন্ত হালকা অথচ অতিশয় বৃহৎ কুঁড়েমি সমস্ত বাতাস

ছড়িয়ে পড়েছে -- গাছগুলোর পাতায় পাতায় ছুটির নেশা লাগল---- কিছু না, কেবলি

ঝিল্মিল্ ঝিল্মিল্ করচে। শরতের এই ছুটির আসর এখনকার অব্যবহিত আকাশ ও

দিগন্ত বিস্তৃত মাঠ ছাড়া আর কোথাও ধরে না। মনকে আমার ঘরছাড়া করে দিয়েছে,

কোনো কাজকর্ম করতে ইচ্ছে করচেনা, সুদূরের পিয়াসায় শূন্যে ছুটে চলেছে। গুন্গুন্

গান করতে ইচ্ছে করে, কিন্তু কণ্ঠ দিয়ে নয়, উড়তে উড়তে যেন মৌমাছির পাখা দিয়ে।

কাজ ছাড়ানো খেয়া তরীর দাও উড়িয়ে পালখানা,

ছুটির ঢেউয়ের মাতন বেগে, নাকাল কক হালখানা।।

১৮ আশ্বিন ১৩৩৮

--প্রশান্তচন্দ্র মহলানবিশকে লিখিত রবীন্দ্রনাথ ঠাকুরের পত্র।

ঐক্যবর্তী অনুমতিত্রে মুদ্রিত।

[Zoom In](#) | [Zoom Out](#) | [Close](#) | [Print](#) | [Home](#)

সৃষ্টিসন্ধান

Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com